

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর

www.fisheries.sadar.lakshmipur.gov.bd

স্মারক পত্র নং ৩৩.০২.৫১৪৩.৫০১.৩৬.০০৭.২০.১২৬

তারিখঃ ২৮/০৯/২০২০ খ্রি.

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, “ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়) (সংশোধিত)” এর আওতায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর এর অধীনে নতুন অন্তর্ভুক্ত প্রতিটি ইউনিয়নে ১(এক)জন “স্থানীয় মৎস্য চাষ সম্প্রসারণ প্রতিনিধি (লিফ)” সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (প্রকল্পের মেয়াদ কালীন সময়ের জন্য) স্বেচ্ছাসেবী হিসাবে নিয়োগ করা হবে। প্রার্থীগন সংশ্লিষ্ট ইউনিয়নে স্বেচ্ছাসেবী হিসাবে কাজ করবে। আগ্রহী প্রার্থীগনকে আবেদনপত্র ও নিম্নোক্ত ছক মোতাবেক প্রয়োজনীয় কাগজপত্র সহ আগামী ০৭-১০-২০২০ খ্রি.তারিখে মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি যোগাযোগ করার জন্য আহ্বান করা যাচ্ছে। প্রার্থীগন অনূর্ধ্ব ৪৫ (পঁয়তাল্লিশ) বছর এবং অবশ্যই নিজ ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।

ছক

ক্র.নং	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল ইউনিয়নের থেকে আবেদন করা যাবে
০১	স্থানীয় মৎস্য চাষ সম্প্রসারণ প্রতিনিধি (লিফ)	০১. এস.এস.সি (সমমান) ০২. মাছ চাষের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।	দক্ষিণ হামছাদী, দালাল বাজার, পার্বতীনগর, বশিকপুর, দত্তপাড়া, মান্দারী, হাজীর পাড়া, চন্দ্রগঞ্জ, তেওয়ারীগঞ্জ, শাকচর, টুমচর

যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে:

১. সদ্যতোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
২. এস. এস. সি সমমান সনদের সত্যায়িত ফটোকপি।
৩. জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।
৪. সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যান কর্তৃক চারিত্রিক নাগরিক সনদপত্র।
৫. মৎস্য বিষক প্রশিক্ষণ এর সনদ পত্র (যদি থাকে)

বি: দ্র.- প্রার্থীগনকে আগামী ০৭-১০-২০২০ খ্রি. মধ্যে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর এর বরাবর স্বহস্তে আবেদন করতে হবে।

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়

লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর

টেলিফোন- 038161386

ই-মেল-

sufolakshmipursadar@gmail.com